# বাংলাদেশ নৌবাহিনী

## সরাসরি কমিশন্ড অফিসার পদে ২০২৭এ ডিইও ব্যাচে যোগ দিন

### উপযুক্ততা

**১। শিক্ষা শাখা (মাষ্টার অব স্পেশাল এডুকেশন) - পুরুষ ও মহিলা।**

**শিক্ষাগত যোগ্যতা**। সরকার কর্তৃক স্বীকৃত স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী বি.এড (অনার্স) ইন স্পেশাল এডুকেশন এবং ইনক্লুসিভ এডুকেশন ও মাষ্টার অব স্পেশাল এডুকেশন। প্রার্থীকে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.০০ এবং ইংরেজি মাধ্যমের প্রার্থীদের ক্ষেত্রে ও-লেভেলে যে কোনো ০২ টি বিষয়ে ন্যূনতম A গ্রেড ও ০৪ টি বিষয়ে ন্যূনতম B গ্রেড এবং এ-লেভেলে যে কোনো ০৩ টি বিষয়ে ন্যূনতম B গ্রেড থাকতে হবে। তদুপরি, ৪ বছর মেয়াদী বি.এড (অনার্স) ইন স্পেশাল এডুকেশন এবং ইনক্লুসিভ এডুকেশন ও মাস্টার অব স্পেশাল এডুকেশন উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪-স্কেলে) থাকতে হবে।

**২। শিক্ষা শাখা (সাধারণ বিষয়) - পুরুষ ও মহিলা।**

**শিক্ষাগত যোগ্যতা**। সরকার কর্তৃক স্বীকৃত স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে নিম্নবর্ণিত যেকোনো বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) সহ মাষ্টার্স ডিগ্রী থাকতে হবে:

(ক) ইংরেজি (খ) পদার্থবিজ্ঞান (গ) রসায়ন (ঘ) মনোবিজ্ঞান

প্রার্থীকে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.০০ এবং ইংরেজি মাধ্যমের প্রার্থীদের ক্ষেত্রে ও-লেভেলে যেকোনো ০২ টি বিষয়ে ন্যূনতম A গ্রেড ও ০৪ টি বিষয়ে ন্যূনতম B গ্রেড এবং এ-লেভেলে যেকোনো ০৩ টি বিষয়ে ন্যূনতম B গ্রেড থাকতে হবে। তদুপরি, ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও মাষ্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪-স্কেলে) থাকতে হবে ঃ

**৩। শিক্ষা শাখা (ইঞ্জিনিয়ার) - পুরুষ ও মহিলা।**

**শিক্ষাগত যোগ্যতা**। সরকার কর্তৃক স্বীকৃত স্বনামধন্য পাবলিক/ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে নিম্নবর্ণিত যে কোনো বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে:

(ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (খ) এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (এ্যারোস্পেস ও এভিওনিক্স) (গ) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ঘ) মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং

প্রার্থীকে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং ইংরেজি মাধ্যমের প্রার্থীদের ক্ষেত্রে ও-লেভেলে যে কোনো ০৩ টি বিষয়ে ন্যূনতম A গ্রেড ও ০৩ টি বিষয়ে ন্যূনতম B গ্রেড এবং এ-লেভেলে যে কোনো ০১ টি বিষয়ে ন্যূনতম A গ্রেড, ০২ টি বিষয়ে ন্যূনতম B গ্রেড থাকতে হবে। তদুপরি, বি.এসসি ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪-স্কেলে) থাকতে হবে।

### সকলের জন্য

৪। **বয়স**। ০১ জানুয়ারি ২০২৭ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।
(প্রার্থীদের বাস্তব অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা এবং উপযুক্ততা বিবেচনায় বয়সসীমা শীথিলযোগ্য)।
৫। **বৈবাহিক অবস্থা**। বিবাহিত/ অবিবাহিত।
৬। **শারীরিক যোগ্যতা (ন্যূনতম)**।

| | পুরুষ | মহিলা |
|---|---|---|
| ক। উচ্চতা | : ১৬২.৫ সেঃ মিঃ (৫'-৪") | ১৫৫ সেঃ মিঃ (৫'-১") |
| খ। বুকের মাপ | : স্বাভাবিক ৭৬ সেঃ মিঃ (৩০") | স্বাভাবিক ৭১ সেঃ মিঃ (২৮") |
| | : সম্প্রসারিত ৮১ সেঃ মিঃ (৩২") | সম্প্রসারিত ৭৬ সেঃ মিঃ (৩০") |
| গ। ওজন* | : ৫০ কেজি | ৪৬ কেজি |

* (উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে)

৭। **দৃষ্টিসীমা**। ৬/৬ তবে ৬/৬০ পর্যন্ত প্রার্থীগণ চশমা পরিহিত অবস্থায় ৬/৬ অর্জন করলে আবেদন করতে পারবে।
৮। **জাতীয়তা**। জন্মসূত্রে বাংলাদেশি নাগরিক (দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়)।

### অযোগ্যতা

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর অথবা যেকোন সরকারি চাকুরি হতে বরখাস্ত কিংবা অপসারিত হলে। আইএসএসবি কর্তৃক দু'বার স্ক্রীন্ড আউট/ প্রত্যাখ্যাত (একবার স্ক্রীন্ড আউট ও একবার প্রত্যাখ্যাতগণ আবেদন করতে পারবেন)। তবে যেসব প্রার্থী গ্রাজুয়েট/ মাস্টার্স/ সমমানের ডিগ্রি অর্জনের পূর্বে ২ (দুই) বার স্ক্রীন্ড আউট/ প্রত্যাখ্যাত হয়েছেন তারা ন্যূনতম ৫ (পাঁচ) বছর পর গ্রাজুয়েট/ মাস্টার্স/ সমমানের ডিগ্রি অর্জন সাপেক্ষে আইএসএসবিতে অংশগ্রহণের জন্য সুযোগ পাবেন। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপীল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হলে। যেকোন বিচারালয় হতে দন্ডপ্রাপ্ত হলে। কোন বিদেশি নাগরিকের সাথে বিবাহসূত্রে আবদ্ধ বা অঙ্গীকারবদ্ধ হলে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং এক নামে একাধিক আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

### মনোনয়ন পদ্ধতি

১০। **প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, প্রাথমিক সাক্ষাৎকার ও লিখিত পরীক্ষার তারিখ।**

| পরীক্ষার কেন্দ্র | আবেদনের বিষয় | প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকারের তারিখ | লিখিত পরীক্ষার তারিখ |
|---|---|---|---|
| নৌবাহিনী কলেজ ঢাকা, মিরপুর-১৪, ঢাকা | মাষ্টার অব স্পেশাল এডুকেশন, ইংরেজি, পদার্থবিজ্ঞান, রসায়ন, মনোবিজ্ঞান, সিএসই, এ্যারোনটিক্যাল (এ্যারোস্পেস ও এভিওনিক্স) ও ইইই/ ইইসিই এবং মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | ১৯ - ২২ জুলাই ২০২৬ (পুরুষ প্রার্থী)<br>২৩ জুলাই ২০২৬ (মহিলা প্রার্থী) | ২৪ জুলাই ২০২৬ |

দেশ সেবার সুযোগ,
নেতৃত্বের চ্যালেঞ্জ ও রোমাঞ্চকর জীবনের
অভিজ্ঞতা অর্জন করতে
যোগ দিন
**বাংলাদেশ নৌবাহিনীতে**







১১। **আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার**। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হবে।
১২। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা**। আইএসএসবি পরীক্ষা চলাকালীন প্রার্থীগণকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১৩। **চূড়ান্ত মনোনয়ন**। নৌবাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্তভাবে মনোনয়ন করা হবে।
১৪। **নিয়োগ**। চূড়ান্ত মনোনয়ন শেষে কমিশন্ড অফিসার হিসেবে 'এ্যাক্টিং সাব লেফটেন্যান্ট' পদে ০৫ বছরের জন্য স্বল্পমেয়াদী কমিশন প্রদান করা হবে। পরবর্তীতে বিধি অনুযায়ী চাকুরি বর্ধিত/ স্থায়ী করা হবে।

### প্রশিক্ষণ ও পশ্চাৎ প্রবীণতা

১৫। বিএনএ প্রশিক্ষণ। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণ ডিসেম্বর ২০২৬ এর শেষ সপ্তাহে (সম্ভাব্য) বাংলাদেশ নেভাল একাডেমি, পতেঙ্গা, চট্টগ্রামে যোগদান করতঃ ২২ (বাইশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন।
১৬। **পশ্চাৎ প্রবীণতা**। বাংলাদেশ নৌবাহিনীর প্রচলিত বিধি মোতাবেক পশ্চাৎ প্রবীণতা প্রদান করা হবে।

### বেতন ও ভাতা

১৭। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

### অন্যান্য বিশেষত্ব

১৮। **উচ্চতর প্রশিক্ষণ সুবিধা**। মেধাবী অফিসারগণের জন্য দেশ-বিদেশে সরকারি খরচে বিভিন্ন ক্যাটাগরিতে উচ্চতর প্রশিক্ষণের সুযোগ।
১৯। **জাতিসংঘ মিশন**। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণ ও আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ।
২০। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/ কলেজে অধ্যয়নের সুযোগ।
২১। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন, সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি।
২২। **প্লট**। ঢাকা ও অন্যান্য স্থানে প্লট প্রাপ্তির সুবিধা।
২৩। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দূরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

### আবেদন ফরম পূরণ ও জমা প্রদান

২৪। **অনলাইনে আবেদন পদ্ধতি**। আবেদনকারী প্রার্থীগণকে https://joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর বাম পার্শ্বে APPLY NOW এ ক্লিক করে আবেদন পদ্ধতি অনুসরণ করতে হবে। আবেদনের শেষ পর্যায়ে অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করা যাবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমন- VISA, Master Card ও American Express) এবং মোবাইল ব্যাংকিং যেমন- **বিকাশ, রকেট, নগদ**, TAP, **ওকে ওয়ালেট, কিউক্যাশ, নেক্সাস, এমক্যাশ, এ্যামেক্স, ব্যাংক এশিয়া, এবি ব্যাংক**) ইত্যাদির মাধ্যমে চার্জসহ ১০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাথে সাথেই প্রার্থীকে প্রাথমিক সাক্ষাৎকারের জন্য কল-আপ লেটার ও Form Commission-2A (পূরণকৃত আবেদন ফর্ম) ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে। পরবর্তীতে প্রাথমিক সাক্ষাৎকারের সময় কলআপ লেটারে বর্ণিত সকল কাগজপত্রসহ Form Commission-2A জমা দিতে হবে। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে Bulletin-এ দেখানো সাপোর্ট নম্বরসমূহে অথবা ০১৭৯১৯৯৯০০২ নম্বরে সরাসরি যোগাযোগ করুন।

### বিশেষ নির্দেশাবলী

২৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে বিএনএ যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।
২৬। সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/ বাতিলের ক্ষমতা নৌসদর সংরক্ষণ করে।

**অনলাইনে আবেদনের সময়সীমা**
**০৭ মে ২০২৬ হতে ১৭ জুলাই ২০২৬**

**পরিচালক**
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
**বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুন ঃ**
ফোনঃ (০২) ৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৬
**হেল্প লাইন :**
০৯৬১৩৪৬২২১৫ (০৮০০-১৪৩০ ঘটিকা)
০১৭৬৯৭০২২১৫ (০৮০০-২০০০ ঘটিকা)

**অনলাইনে আবেদন করতে ভিজিট করুন ঃ https://joinnavy.navy.mil.bd**